# বার্ষিক প্রতিবেদন

## ২০২৩-২০২৪

উপজেলা সমবায় কার্যালয়
বাকেরগঞ্জ, বরিশাল।
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

## উপদেষ্টা

**মো: সাইদুর রহমান**
উপজেলা সমবায় অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।

## সম্পাদনা পরিষদ

**মো: সোহাগ**
উপজেলা সমবায় অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।


## সংকলনে

**মোহাম্মদ খবির উদ্দিন**
অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর।
উপজেলা সমবায় অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।

**প্রকাশকাল**
১৫ অক্টোবর ২০২৪

**প্রকাশনায়**
উপজেলা সমবায় অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।
ফোন: ০২৪৭৮৮৬৯৫৯১
Website:cooparative.bakerganj.barisal.gov.bd
E-mail: ucobakerganj@gmail.com

# মুখবন্ধ


সমবায় সঙ্গীত
কাজী নজরুল ইসলাম
ওরে নিপীড়িত ওরে ভয়ে ভীত শিখে যা আয়রে আয়
দুঃখ জয়ের নবীন মন্ত্র সমবায় সমবায় ।
ক্ষুধার জ্বালায় মরেছি সুধার কলস থাকিতে ঘরে
দারিদ্র ঋণ অভাবে মরেছি না চিনে পরস্পরে
মিলিত হয়নি তাই আমাদের দুর্গতি ঘরে ঘরে
সেই দুর্গতি দূর্গ ভাঙ্গিবো সমবেত পদঘায় ।
দুঃখ জয়ের নবীন মন্ত্র সমবায় সমবায়..
মিলি পরমাণু পর্বত হয় সিন্ধু বিন্দু মিলে
মানুষ শুধুই মিলিবেনা কিরে মিলনের এ নিখিলে
জগতে ছড়ানো বিপুল শক্তি কুড়াইয়া তিলে তিলে
আমরা গড়িবো নতুন পৃথিবী সমবেত মহিমায়
দুঃখ জয়ের নবীন মন্ত্র সমবায় সমবায়..
দুর্ভিক্ষের, শোষণের আর পেষণের যাতাকলে
এক হইনি বলিয়া আমরা মরিয়াছি পলে পলে
সকল দেশের মানুষ আজি সহস্র দলে দলে
মিলিয়াছে তাই রবে না জগতে প্রবলের অন্যায়
দুঃখ জয়ের নবীন মন্ত্র সমবায় সমবায়..

# মুখবন্ধ

স্বাধীনতার পর সমবায়ের গুরুত্ব উপলব্ধি করে বাংলাদেশের পবিত্র সংবিধানের ১৩(খ) অনুচ্ছেদে সমবায়কে মালিকানার অন্যতম গুরুত্বপূর্ণ খাত হিসেবে ঘোষণা দেয়া হয়েছে। সমবায়ের গুরুত্ব অনুধাবন করে দেশের প্রত্যেক ইউনিয়নে ইউনিয়ন ভিত্তিক বহুমুখী সমবায় সমিতির মাধ্যমে দেশের সাধারণ মানুষের কাছে সহজে এবং সুলভ মূল্যে নিত্য প্রয়োজনীয় খাদ্যদ্রব্য এবং কৃষি উপকরণ পৌঁছে দেয়ার ব্যবস্থাকরার প্রতিশ্রুতি প্রদান করেন । তাছাড়া, দেশের প্রায় প্রত্যেকটি গ্রামে কৃষি সমবায় সমিতি গঠনের মাধ্যমে কৃষকদের সহজ শর্তে ঋণ প্রদান করা হয়েছিল । এই ধারাবাহিকতা অব্যাহত রাখতে এক্ষেত্রে ভোলা জেলাধীন নিবন্ধিত সমবায় সমিতি সমূহ সাধারণ মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, নারীর ক্ষমতায়ন ও দারিদ্র্য হ্রাসে সমবায় সমিতিগুলো গুরত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। অর্থনীতির সকল খাতেই আজ সমবায় কর্মকান্ড পরিচালিত হচ্ছে। ঝালকাঠি জেলাধীন নিবন্ধিত সমবায় সমিতি সমূহ দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে যে অবদান রাখছে তার একটি চিত্র ২০২৩-২০২৪ সনের বার্ষিক প্রতিবেদনে তুলে ধরা হলো। প্রতিবেদনটিতে জেলা ব্যাপী সংগঠিত সমবায় সমিতিগুলোর সংখ্যা, ব্যক্তি সদস্য, শেয়ার মূলধন, সঞ্চয় আমানত, গঠিত অন্যান্য তহবিল, গৃহীত ও দানকৃত ঋণ, আদায়কৃত ও পরিশোধিত ঋণ, লভ্যাংশ বিতরণ ইত্যাদির পাশাপাশী অত্র ঝালকাঠি জেলাধীন উল্লেখযোগ্য কতিপয় সমিতির সংক্ষিপ্ত পরিচিতি ও সমবায় খাতের উল্লেখযোগ্য  কার্যক্রম তুলে ধরছি।

# সূচিপত্র

১ম অধ্যায়  - প্রারম্ভিকা

২য় অধ্যায়  - উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল এর সাংগঠনিক কাঠামো

৩য় অধ্যায়- উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল এর কর্মকর্তা ও কর্মচারীদের পরিচিতি

৪র্থ অধ্যায়- উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল কর্তৃক নাগরিক সেবার তালিকা

৫ম অধ্যায়- বাকেরগঞ্জ সমবায় খাতের অগ্রগতি

৬ষ্ঠ অধ্যায়-  উপ**জেলা সমবায় কার্যালয়,** বাকেরগঞ্জ, **বরিশাল এর উল্লেখযোগ্য কার্যক্রম**

৭ম অধ্যায়- জাতীয় সমবায় পুরস্কার-২০২৩ এর তথ্য ও চিত্র

৮ম অধ্যায়-প্রশিক্ষণ কার্যক্রম


# ১ম অধ্যায়

## প্রারম্ভিকা

সমবায় হচ্ছে অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক চাহিদা পূরণের জন্য স্বেচ্ছায় সংগঠিত কিছু সংখ্যক ব্যক্তি কর্তৃক গঠিত সংস্থা বা প্রতিষ্ঠান যা যৌথ মালিকানাধীন এবং গণতান্ত্রিক উপায়ে নিয়ন্ত্রিত ও পরিচালিত। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩(খ) অনুচ্ছেদে সম্পদের মালিকানার ক্ষেত্রে সমবায়কে দ্বিতীয় খাত হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে। বাংলাদেশ তথা ভারতীয় উপমহাদেশে সমবায় উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত একটি আন্দোলন। হঠাৎ করে বা একদিনে এ আন্দোলন গড়ে ওঠেনি। এর রয়েছে সুপ্রাচীন ইতিহাস ও ঐতিহ্য। ১৮৭৫ সনে দক্ষিণ ভারতে সুদখোর মহাজনদের বিরুদ্ধে কৃষক বিদ্রোহের ফলশ্রুতিতে এক ভয়াবহ দাঙ্গা সংঘটিত হয়। ইংরেজ সরকার নিজেদের স্বার্থেই কৃষকদের সমস্যা সমাধানে এগিয়ে আসে। জার্মানীর রাইফিজেন পদ্ধতির ন্যায় সমবায়ের মাধ্যমে উপমহাদেশের কৃষকদের সমস্যা সমাধান করা যাবে এটি ইংরেজ সরকার বিশ্বাস করে। এ বিশ্বাস থেকে ১৯০৪ সালে জন্ম নেয় সমবায়। কালের পরিক্রমায় কৃষির পাশাপাশি ক্ষুদ্রব্যবসা, পরবিহন, পর্যটন, কুটিরশিল্প, আবাসন, মৎস্য, দুগ্ধ, সঞ্চয়-ঋণদান, সার্বিক গ্রাম উন্নয়ন, পানি ব্যবস্থাপনা, তাঁত শিল্প ইত্যাদি ৩৫ শ্রেণির বিভিন্ন খাতে সমবায় পদ্ধতির বিস্তার ঘটেছে।

# ২য় অধ্যায়

## উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল এর সাংগঠনিক কাঠামো



# ৩য় অধ্যায়

## উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশালএ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের  পরিচিতি:

| ছবি | নাম | পদবি | ই-মেইল | মোবাইল নম্বর | ফোন (অফিস) | ব্যাচ (বিসিএস) |
|---|---|---|---|---|---|---|
|  | জনাব মো: সাইদুর রহমান | উপজেলা সমবায় অফিসার | ucobakerganj@gmail.com | ০১৯৫৮০৬১৭২৫ | ০২৪৭৮৮ ৬৯৫৯১ | - |
|  | জনাব মো: সোহাগ | সহকারী পরিদর্শক | Sohag2183@ gmail.com | 01718706370 | - | - |
|  | জনাব মোহাম্মদ খবির উদ্দিন | অফিস সহ: কাম কম্পিউটার অপারেটর। | Khaberuddin1983 gmail.com | ০১৭১৭২৫২৩২৫ | - | - |
|  | মো: মামুন | পরিদর্শক | Jhmamun82 gmail.com | ০১৭৫১৫৩৭৯৩৪ | - | - |

# ৪র্থ অধ্যায়-

## উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল  কর্তৃক প্রদত্ত নাগরিক সেবার তালিকা:

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
উপজেলাসমবায়কার্যালয়, বাকরেগঞ্জ,বরিশাল
www.cooparative.bakerganj.barisal.gov.bd
সেবাপ্রদানপ্রতিশ্রুতি ( সিটিজেনস্ চার্টার)

রুপকল্প(Vision): টেকসই সমবায়, টেকসই উন্নয়নঅভিলক্ষ্য (Mission): সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে টেকসই সমবায় উন্নয়ন

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদানে সর্বোচ্চ সময় | প্রয়োজনীয় কাগজপত্র | প্রয়োজনীয় কাগজপত্র/আবেদন ফরম প্রাপ্তিস্থান | সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | উর্ধ্বতন কর্মকর্তার পদবি, টেলিফোন ও ই-মেইল |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১. | প্রাথমিক সমবায়  নিবন্ধন | ৬০ দিন | নির্ধারিত ফরমে আবেদন, ট্রেজারী চালানের মূল কপি, ০২ (দুই) বছরের প্রস্তাবিত বাজেট, প্রস্তাবিত উপ-আইনের ০৩ (তিন) কপি, সাংগঠনিক সভার কার্যবিবরণী, অফিস ভাড়ার চুক্তিপত্র, সদস্যদের জাতীয় পরিচয় পত্রের কপি | উপজেলা সমবায় কার্যালয় | নিবন্ধন ফি ৩০০/- টাকা এবং ভ্যাট৪৫/- টাকা, ট্রেজারী চালানে পরিশোধযোগ্য | উপজেলা সমবায় অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল<br>ফোন: ০২৪৪৮২১০৩১<br>ই-মেইল- ucobakerganj@gmail.com | জেলা সমবায় কর্মকর্তা, বরিশাল।<br>ফোন: ০২৪৭৮৮৩০২৩১<br>dco99barisal@gmail.com |
| ০২. | প্রকল্প/কর্মসূচীভুক্তপ্রাথমিকসমবায়নিবন্ধন | ৬০ দিন | নির্ধারিত ফরমে আবেদন, ট্রেজারী চালানের মূল কপি, ০২ (দুই) বছরের প্রস্তাবিত বাজেট, প্রস্তাবিত উপ-আইনের ০৩ (তিন) কপি, সাংগঠনিক সভার কার্যবিবরণী, অফিস ভাড়ার চুক্তিপত্র, সদস্যদের জাতীয় পরিচয় পত্রের কপি | উপজেলা সমবায় কার্যালয় | নিবন্ধন ফি ৫০/-টাকা এবং ৮/- টাকা ভ্যাটসহ ট্রেজারী চালানে পরিশোধযোগ্য | উপজেলা সমবায় অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল<br>ফোন: ০২৪৪৮২১০৩১<br>ই-মেইল- ucobakerganj@gmail.com | জেলা সমবায় কর্মকর্তা, বরিশাল।<br>ফোন: ০২৪৭৮৮৩০২৩১<br>dco99barisal@gmail.com |
| ০৩. | প্রাথমিক সমবায়ের উপ-আইন সংশোধন | ৬০ দিন | সংশ্লিষ্ট কাগজপত্রসহ<br>(ক) সাধারণ সভার সিদ্ধান্তের কপি;<br>(খ) নির্ধারিত ফরমে আবেদন। | উপজেলা সমবায় কার্যালয় | বিনামূল্যে। | উপজেলা সমবায় অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল<br>ফোন: ০২৪৪৮২১০৩১<br>ই-মেইল- ucobakerganj@gmail.com | জেলা সমবায় কর্মকর্তা, বরিশাল।<br>ফোন: ০২৪৭৮৮৩০২৩১<br>dco99barisal@gmail.com |
| ০৪ | সমবায়নিরীক্ষা | ২০-৩০ দিন | সমিতিরহিসাববিবরণী | প্রযোজ্য নয় | সরকার নির্ধারিত ফি | উপজেলা সমবায় অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল<br>ফোন: ০২৪৪৮২১০৩১<br>ই-মেইল- ucobakerganj@gmail.com | জেলা সমবায় কর্মকর্তা, বরিশাল।<br>ফোন: ০২৪৭৮৮৩০২৩১<br>dco99barisal@gmail.com |
| ০৫ | অডিটফিধার্য ও আদায় | নিরীক্ষাচলাকালীন | চালানেরমাধ্যমে ১-৩৮৩১-০০০০-২০২৯ কোডেব্যাংকেজমাপ্রদানস্লিপ | উপজেলা সমবায় কার্যালয় | নীটলাভের১০%, প্রাথমিকসমবায়সর্বোচ্চ ১০০০০/-, কেন্দ্রীয় ও জাতীয়সমবায় ৩০০০০/- | উপজেলা সমবায় অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল<br>ফোন: ০২৪৪৮২১০৩১<br>ই-মেইল- ucobakerganj@gmail.com | জেলা সমবায় কর্মকর্তা, বরিশাল।<br>ফোন: ০২৪৭৮৮৩০২৩১<br>dco99barisal@gmail.com |
| ০৬ | সমবায়উন্নয়নতহবিলআদায় | নিরীক্ষাচলাকালীন | কো-অপারেটিভডেভেলপমেন্টফান্ডবরিশালবিভাগ, (সঞ্চয়ী ) ০১০০০১৭৭৯৪৫৫২ জনতাব্যাংক, শ্যামলী, কর্পোরেট, শাখা, ঢাকায়অনলাইনেজমাস্লিপ | উপজেলা সমবায় কার্যালয় | ১.নীট লাভের ৩%<br>২. অনলাইনেজমা | উপজেলা সমবায় অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল<br>ফোন: ০২৪৪৮২১০৩১<br>ই-মেইল- ucobakerganj@gmail.com | জেলা সমবায় কর্মকর্তা, বরিশাল।<br>ফোন: ০২৪৭৮৮৩০২৩১<br>dco99barisal@gmail.com |
| ০৭ | ভ্রাম্যমান প্রশিক্ষণ | ০১ থেকে ৫ দিন | উপজেলা সমবায় কর্মকর্তা প্রদত্ত মনোনয়ন। | উপজেলা সমবায় কার্যালয় | বিনামূল্যে। | উপজেলা সমবায় অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল<br>ফোন: ০২৪৪৮২১০৩১<br>ই-মেইল- ucobakerganj@gmail.com | জেলা সমবায় কর্মকর্তা, বরিশাল।<br>ফোন: ০২৪৭৮৮৩০২৩১<br>dco99barisal@gmail.com |
| ০৮ | সমবায় প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণার্থী প্রেরণ | ০৫ থেকে ১৫ দিন | উপজেলা সমবায় কর্মকর্তা প্রদত্ত মনোনয়ন। | উপজেলা সমবায় কার্যালয় | বিনামূল্যে। | উপজেলা সমবায় অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল<br>ফোন: ০২৪৪৮২১০৩১ | জেলা সমবায় কর্মকর্তা, বরিশাল।<br>ফোন: ০২৪৭৮৮৩০২৩১<br>dco99barisal@gmail.com |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ই-মেইল- ucobakerganj@gmail.com | |
| ০৯ | কেন্দ্রীয়/প্রাথমিক সমবায়ের বার্ষিক বাজেট, প্রাথমিক সমবায়ের বিনিয়োগ প্রস্তাব দাখিল | নির্ধারিত সময় নেই; অবিলম্বে | বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত, প্রকল্প প্রস্তাব, অনুমোদিত প্লান এস্টিমেটসহ সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষের ছাড়পত্র। | উপজেলা সমবায় কার্যালয় | বিনামূল্যে। | উপজেলা সমবায় অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল ফোন: ০২৪৪৮২১০৩১ ই-মেইল- ucobakerganj@gmail.com | জেলা সমবায় কর্মকর্তা, বরিশাল। ফোন: ০২৪৭৮৮৩০২৩১ dco99barisal@gmail.com |
| ১০ | নির্বাচন কমিটি নিয়োগপ্রস্তাবদাখিল | নির্বাচন অনুষ্ঠানের ৫০ দিন পূর্বে | নির্বাচন কমিটি গঠন সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির রেজুলেশনসহ আবেদনপত্র। | উপজেলা সমবায় কার্যালয় | বিনামূল্যে। | উপজেলা সমবায় অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল ফোন: ০২৪৪৮২১০৩১ ই-মেইল- ucobakerganj@gmail.com | জেলা সমবায় কর্মকর্তা, বরিশাল। ফোন: ০২৪৭৮৮৩০২৩১ dco99barisal@gmail.com |
| ১১ | অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ | নির্ধারিত সময় নেই; অবিলম্বে | ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্তক্রমেসমবায়ের আবেদনঅথবা নিবন্ধক কর্তৃক স্ব-প্রণোদিতভাবে। | প্রযোজ্য নয় | বিনামূল্যে। | উপজেলা সমবায় অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল ফোন: ০২৪৪৮২১০৩১ ই-মেইল- ucobakerganj@gmail.com | জেলা সমবায় কর্মকর্তা, বরিশাল। ফোন: ০২৪৭৮৮৩০২৩১ dco99barisal@gmail.com |
| ১২ | প্রাথমিক সমবায়ের অবসায়ন | ০১ থেকে ০৫ বছর | তদন্ত রিপোর্ট, বিশেষ সধারণ সভার সিদ্ধান্ত, নিরীক্ষা প্রতিবেদন অথবা নিবন্ধনের শর্ত ভঙ্গের রেকর্ডপত্র। | অবসায়ন ন্যাস্তকরণ আদেশ | নিবন্ধক কর্তৃক নির্ধারিত | উপজেলা সমবায় অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল ফোন: ০২৪৪৮২১০৩১ ই-মেইল- ucobakerganj@gmail.com | জেলা সমবায় কর্মকর্তা, বরিশাল। ফোন: ০২৪৭৮৮৩০২৩১ dco99barisal@gmail.com |
| ১৩ | সমবায় সমিতি পরিদর্শন | ০১ দিন | সমবায়েররেকর্ডপত্র | প্রযোজ্য নয় | বিনামূল্যে | উপজেলা সমবায় অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল ফোন: ০২৪৪৮২১০৩১ ই-মেইল- ucobakerganj@gmail.com | জেলা সমবায় কর্মকর্তা, বরিশাল ফোন: ০২৪৭৮৮৩০২৩১ dco99barisal@gmail.com |
| ১৪ | জলমহলইজারায়অংশগ্রহণেপ্রত্যায়ণপ্রদান | ০১-০৩ দিন | সমবায়েরপ্যাডেআবেদন , ব্যবস্থাপনাকমিটিরসিদ্ধান্তেররেজুলেশন, বিগত ০২ বছরেরনিরীক্ষাপ্রতিবেদন | উপজেলা সমবায় কার্যালয় | বিনামূল্যে | উপজেলা সমবায় অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল ফোন: ০২৪৪৮২১০৩১ ই-মেইল- ucobakerganj@gmail.com | জেলা সমবায় কর্মকর্তা, বরিশাল। ফোন: ০২৪৭৮৮৩০২৩১ dco99barisal@gmail.com |
| ১৫ | তথ্য অধিকার আইন ২০০৯ অনুসারে তথ্য প্রদান | বিধিমতে ১০ থেকে ২০ কর্মদিবস | নির্ধারিত ফরমে আবেদন। | সকল সরকারি দপ্তর | প্রতি পাতা কপির জন্য ২/-টাকা,প্রতি পাতা টাইপের জন্য ২০/- টাকা অথবা প্রকৃত খরচ ট্রেজারি চালানে | উপজেলা সমবায় অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল ফোন: ০২৪৪৮২১০৩১ ই-মেইল- ucobakerganj@gmail.com | জেলা সমবায় কর্মকর্তা, বরিশাল। ফোন: ০২৪৭৮৮৩০২৩১ dco99barisal@gmail.com |
| ১৬ | আভ্যন্তরীণ সেবা | ০১-০৩ দিন | আবেদন ও প্রযোজ্য কাগজপত্র | উপজেলা সমবায় কার্যালয় | প্রযোজ্য নয় | উপজেলা সমবায় অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল ফোন: ০২৪৪৮২১০৩১ ই-মেইল- ucobakerganj@gmail.com | জেলা সমবায় কর্মকর্তা, বরিশাল। ফোন: ০২৪৭৮৮৩০২৩১ dco99barisal@gmail.com |

# ৫ম অধ্যায়

## বাকেরগঞ্জ সমবায় খাতের অগ্রগতি

বাংলাদেশে সমবায়ের কার্যক্রম শতবর্ষ অতিক্রম করেছে। সুদীর্ঘ পথ পরিক্রমায় বিশ্ব অর্থনীতির জোয়ার ভাটা সমবায়ের উপর দিয়ে প্রবাহিত হয়েছে। পুঁজিবাদের প্রবল দাপটে মাঝে মধ্যে সমবায়ের আবস্থা নাজুক হলেও এর ফলপ্রসূ কার্যকারিতা তাকে টিকিয়ে রেখেছে আর্থ-সামাজিক উন্নয়নের সার্বজনীন উপযোগী মাধ্যম হিসেবে। নতুন শতাব্দীতে সমবায় নতুন ভাবধারায় উজ্জিবিত হয়েছে। ফলে বিভিন্ন মাপকাঠিতে এর ক্রম অগ্রসরতা দৃশ্যমান হয়। অর্থনীতির এ খাতের সাফল্য পরিসংখ্যানের নিয়মে পরিমাপ করা সু:স্বাধ্য বিষয়। তবে কিছু নিয়ামক রয়েছে যার মাধ্যমে এর সফলতা ও ব্যর্থতার একটি ধারণা পাওয়া যেতে পারে। এ দেশের প্রাথমিক সমবায় সমিতির কার্যক্রমই সমবায় আনোদলনের মূল চালিকা শক্তি। নিম্মে এরুপ প্রাথমিক সমবায় সমিতির কিছু নিয়ামক চিত্র তুলে ধরা হলো:

**২.১ প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা:**

নতুন সহশ্রাব্দে সমবায়ের কিছু নতুন মাত্রা যুক্ত হওয়ায় এর জনপ্রিয়তা বৃদ্ধি পেয়েছে। ফলে নতুন সমবায় সমিতি নিবন্ধনের প্রক্রিয়াও অব্যাহত রয়েছে। প্রতি বছরই উল্লেখযোগ্য সংখ্যক সমবায় সমিতি নিবন্ধিত হচ্ছে। বিগত পাঁচ বছরে সমবায় সমিতির সংখ্যার ঘটেছে। উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল এর সরাসরি তত্বাবধোনে গঠিত সমবায় সমিতির পাশাপাশি অন্যান্য সরকারি ও বেসরকারি উদ্যোগেও বিভিন্ন ক্যাটাগরীর সমবায় সমিতি নিবন্ধিত হয়ে থাকে। বিশেষ করে প্রথিমিক সমবায় সমিতি সংগঠনের ধারা অন্যান্য সময়ের চেয়ে বর্তমানে অনেক বেশি। ২০২৩-২০২৪ অর্থ বছরের জুন ২০২৪ খ্রি. পর্যন্ত বাকেরগঞ্জ জেলাধীন প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা দাড়িয়েছে-

| বিবরণ | কেন্দ্রীয় সমিতি | প্রাথমিক সমিতি | মোট |
|---|---|---|---|
| সাধারণ | ০০ | ২১৯ | ২১৯ |
| বিআরডিবি | ০১ | ১১৪ | ১১৫ |
| মোট | ০১ | ১৩৩ | ১৩৪ |

**২.২ প্রাথমিক সমবায় সমিতির সদস্য সংখ্যা:**

উন্নয়ন কার্যক্রমে জনগণের অংশীদারিত্ব উন্নয়নের অন্যতম নির্দেশক। সমবায় নিম্ম বিত্তের সংগঠন হিসাবে আর্বিভূত হলেও বর্তমানে সকল শ্রেণির বিপুর সংখ্যক জনগোষ্টী সমবায়কে আর্থ-সামাজিক উন্নতির একটি

পরীক্ষিতি কৌশল হিসাবে বেছে নিয়েছে। সমবায় শুধু অর্থনৈতিক উন্নয়নই নয় পাশাপাশি সামাজিক উন্নয়নেও বিশেষ অবদান রেখে থাকে প্রতিবেদনাধীন বছরের জুন ২০২৪ খ্রি. পর্যন্ত সমবায় সমিতির ব্যক্তি সদস্য সংখ্যা বিগত বছরসমুহের চেয়ে বৃদ্ধি পেয়েছে। সদস্য সংখ্যা:

| বিবরণ | পুরুষ | মহিলা | মোট |
|---|---|---|---|
| সাধারন | ২১৩২১ | ৮৭৫৯ | ৩০০৮০ |
| বিআরডিবি | ১৩৩১ | ৩৩৯১ | ৪৭২২ |
| মোট | ২২৬৫২ | ১২১৫০ | ৩৪৮০২ |

**২.৩ শেয়ার মূলধন:**

দরিদ্র জনগোষ্ঠীর ক্ষুদ্র পুঁজির সমন্বয় ঘটিয়ে বৃহৎ মূলধন তৈরি এবং উক্ত মূলধন বিনিয়োগ করে অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধি করাই হচ্ছে সমবায়ের লক্ষ্য অর্জনের মূল কৌশল। যার প্রধান উৎস হলো সদস্যদের নিকট থেকে শেয়ার আদায়। বিগত বছরের তুলনায় পরিশোধিত শেয়ার মূলধন বৃদ্ধি পেয়ে চলতি বছরের জুন ২০২৪ খ্রি. পর্যন্ত দাড়িয়েছে: ৩ কোটি ৭৬ লক্ষ ০৫ হাজার টাকা।

**২.৪ সঞ্চয় আমানত:**

সমবায় সমিতির মূলধন গঠনে শেয়ারের পরে সঞ্চয়ের ভূমিকা উল্লেখযোগ্য। সদস্যরা নিয়মিতভাবে সমিতিতে সঞ্চয় জমা করে তা লাভজনক ব্যবসায়ে বিনিয়োগ করে থাকে। বিগত বছর সমুহের তুলনায় সঞ্চয় আদায় বৃদ্ধি পাচ্ছে। ২০২৩-২০২৪ অর্থবছরের জুন ২০২৩ খ্রি. পর্যন্ত সদস্যদের সঞ্চয় দাড়িয়েছে ৩০ কোটি, ৩৫ লক্ষ ৮৯ হাজার টাকা।

**২.৫ সংরক্ষিত তহবিল ও গঠিত অন্যান্য তহবিল:**

সমবায় সমিতিগুলোর নীট লাভ থেকে নির্দিষ্ট হারে বিভাজনের মাধ্যমে উল্লেখযোগ্য পরিমান অর্থ সংরক্ষিত ও অন্যান্য তহবিলে জমা হয়ে থাকে। এ তহবিলও সমিতির মূলধন হিসাবে গণ্য হয়। ২০২৩-২০২৪ অর্থ বছরের জুন ২০২৩খ্রি. পর্যন্ত প্রাথমিক সমবায় সমিতিগুলোর সংরক্ষিতি তহবিল ও নীট লাভ হতে গঠিত তহবিলের পরিমান ৯৫ লক্ষ ৭২ হাজার টাকা।

**২.৬ কর্যকরী মূলধন:**

সমবায় সমিতির শেয়ার মূলধন, সঞ্চয় আমানত ও সংরক্ষিত তহবিল সমবায় সমিতির কর্যকরী মূলধনের উল্লেখযোগ্য অংশ গঠন করে থাকে। ২০২৩-২০২৪ অর্থবছরের জুন ২০২৪ খ্রি. পর্যন্ত প্রাথমিক সমবায় সমিতি সমুহের কর্যকরী মূলধনের পরিমান দাড়িয়েছে ৪৪ কোটি ৮৩ লক্ষ ৩৩ হাজার টাকা।

**২.৭ বিনিয়োগ:**

সমবায় সমিতিগুলো তাদের নিজস্ব মূলধন ও ধারকৃত মূলধন বিভিন্ন লাভজনক, আয়ববর্ধক ব্যবসা ও কাজে বিনিয়োগ করে থাকে। ২০২৩-২০২৪ অর্থবছরের জুন ২০২৪ খ্রি. পর্যন্ত প্রাথমিক সমবায় সমিতি সমুহের মোট বিনিয়োগের পরিমান দাড়িয়েছে ০৬ কোটি ০৭ লক্ষ ৯৬ হাজার টাকা।

**২.৮ ঋণ বিতরণ**:

২০২৩-২০২৪ অর্থবছরের জুন ২০২৪ খ্রি. পর্যন্ত প্রাথমিক সমবায় সমিতি সমুহের বিতরণকৃত ঋণের পরিমান ১৮০ কোটি ৪৭ লক্ষ ৬১ হাজার টাকা।

**২.৯ ঋণ আদায়:**

২০২৩-২০২৪ অর্থবছরের জুন ২০২৪ খ্রি. পর্যন্ত প্রাথমিক সমবায় সমিতি সমুহের আদায়কৃত ঋণের পরিমান দাড়িয়েছে ১৪৫ কোটি ৮৮ লক্ষ ৩১ হাজার টাকা।

**২.১০ অডিট ফি:**

প্রাথমিক সমবায় সমিতিগুলো প্রতিবছর তাদের নীট মুনফার ১০% হারে সর্বোচ্চ ১০,০০০/- টাকা পর্যন্ত অডিট ফি হিসাবে সরকারি কোষাগারে (ট্রেজারী চালানের মাধম্যে) জমা দিয়ে থাকেন। ২০২৩-২০২৩ অর্থবছরে ৩৯ টি প্রাথমিক সমবায় সমিতি সমুহের অডিট ফি ধার্য ১০৫২৭০/- টাকা, সেপ্টেম্বর ২০২৪ খ্রি.মাস পর্যন্ত সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে ১৫০৭২০/- টাকা। আদায়ের শতকরা হার ১০০%।

**২.১১ লভ্যাংশ বিতরণ:**

সমবায় সমিতিগুলো তাদের সদস্যদের মধ্যে শেযারের বিপরীতে প্রতিবছর লভ্যাংশ বিতরণ করে থাকে। বৈশ্বিক মহামারি করোনার কারণে অর্থনৈতিক মন্দা সত্ত্বেও আলোচ্য ২০২৩-২০২৪ অর্থবছরে ২৭১০ জন সদস্য’র মধ্যে ১১ লক্ষ ৯৬ হাজার ০৯ শত টাকা লভ্যাংশ বিতরণ করা হয়েছে।

# ৬ষ্ঠ অধ্যায়

## উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল এর উল্লেখযোগ্য কার্যক্রম

### *** সমবায় সমিতির বৃক্ষ রোপন কর্মসূচী



কৃষ্ণকাঠী পল্লী উন্নয়ন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি: এ যুগ্ম নিবন্ধক, বরিশাল মহোদয়কে নিয়ে বৃক্ষ রোপন

### *** ৫২ তম জাতীয় সমবায় দিবস উদযাপন:

৪ নভেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে ৫২ তম জাতীয় সমবায় দিবস উদযাপন উপলক্ষ্যে সমবায় উপজেলা পরিষদের সার্বিক তত্ত্বাবধানে এক আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান উপজেলা পরিষদের হলরুমে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব লোকমান হোসেন ডাকুয়া, মেয়র, বাকেরগঞ্জ পৌরসভা। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব তহমিনা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, বাকেরগঞ্জ উপজেলা পরিষদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব সজল চন্দ্র শীল, উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।




৫২ তম জাতীয় সমবায় দিবসে দিবসরে র‍্যালী




০৪ নভেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে ৫২ তম জাতীয় সমবায় দিবস উদযাপন উপলক্ষ্যে উপজেলা পরিষদের হল রুমে অনুষ্ঠিত আলোচনা সভা।

# ৭ম অধ্যায়

## জাতীয় সমবায় পুরস্কার-২০২৩ এর তথ্য ও চিত্র

জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা, ২০২৪ অনুযায়ী সমবায়ের ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতি হিসেবে বাংলাদেশ সরকার কর্তৃক প্রতি বছর ১০ টি ক্যাটাগরিতে সমবায় সমিতি/সমবায়ীকে জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হয়। এর আওতায় জেলা বাছাই কমিটি বরিশাল কর্তৃক জাতীয় সমবায় পুরস্কার, ২০২৩ এর জন্য ০১ (এক) টি ক্যাটাগরিতে মোট ০১ (এক)টি সমবায় সমিতি জেলা বাছাই কমিটির নিকট প্রেরণ করা হয়। নিম্নে উপজেলা বাছাই কমিটি কর্তৃক মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতির তালিকা দেখানো হ'লঃ

## মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতি

| ক্র: নং | শ্রেণি | সমবায় সমিতি |
|---|---|---|
| ১. | ক্যাটাগরি -০২ (সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট) সমবায় | দূর্গাপুর একতা কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ গ্রামঃ দূর্গাপুর, পোঃ ফোরকানিয়া, উপজেলাঃ বাকেরগঞ্জ, সদর, জেলাঃ বরিশাল। |

## জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ এর জন্য মনোনিত সমবায় সমিতির তথ্য ও চিত্র




## সমিতির নিজস্ব ভবন



**সমিতির বার্ষিক সাধারণ সভার চিত্র**




**সমিতির কো-অপারেটিভ মিনি সুপারি শপ**

# ৮ম অধ্যায়

## প্রশিক্ষণ :

সমবায় অধিদপ্তর কর্তৃক নির্দেশনা মোতাবেক বিভিন্ন প্রশিক্ষন কোর্স অনুষ্ঠীত হয়। এ প্রশিক্ষণ গ্রহন করে সমবায় সমিতির সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন একং আত্ম-কর্মসংস্থান সুযোগ সৃষ্ঠি হয়ে সমিতির সদস্যরা এখন দক্ষ, সুশৃঙ্খল ও স্বাবলম্ভী হয়েছেন। বাংলাদেশ সমবায় একাডেমি কোটবাড়ী কুমিল্লা জাতীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও তার আওতাধীন বরিশাল আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, কাশিপুর, বরিশাল সমবায়ীদের এবং সমবায় বিভাগে কর্মরত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে।

**বাংলাদেশ সমবায় একাডেমি কোটবাড়ী কুমিল্লা :**



বাংলাদেশ সমবায় একাডেমিতে ২০২৩-২০২৪ প্রশিক্ষণ বর্ষে বাকেরগঞ্জ উপজেলার বিভিন্ন সমবায় সমিতির সদস্যদের মোট ০৪ (চার) টি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে। উক্ত কোর্স সমূহে সর্বমোট ০৬ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

**আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট কাশিপুর,বরিশাল:**




আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট কাশিপুর,বরিশালে ২০২৩-২০২৪ প্রশিক্ষণ বর্ষে বরিশাল জেলার সমিতির সদস্যদের মোট ০৭ (সাত) টি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে। উক্ত কোর্স সমূহে সর্বমোট ১৫ (পনের)জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## ভ্রাম্যমাণ

উপজেলা সমবায় সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল কর্তৃক ০৪ (চার) টি ভ্রম্যমান প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে।




২০২৩-২০২৪ অর্থ বছরের ভ্রাম্যমান প্রশিক্ষনের চিত্র